

**গণগ্রন্থাগার অধিদপ্তরের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ আব্দুল মান্নান ইলিয়াস, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর।  
তারিখ : ২০ জানুয়ারি, ২০২০ খ্রি.  
সময় : বিকাল ১০: ০০ টায়  
স্থান : গণগ্রন্থাগার অধিদপ্তরের সভাকক্ষ।  
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য।  
পরিশিষ্ট- 'খ' দ্রষ্টব্য।

সভাপতি সভার শুরুতেই সকলকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচিতব্য বিষয়াবলী সভায় উপস্থাপনের জন্য তিনি সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) কে আহ্বান জানান।  
আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপিত বিষয়াবলীর উপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র. নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	মন্তব্য/ বাস্তবায়ন
১.	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	পূর্ববর্তী সভার কার্যবিবরণী বিষয়ে কারও কোন আপত্তি থাকলে তা উপস্থাপন করতে বলা হয়।	পূর্ববর্তী সভার বিষয়ে কোন আপত্তি না থাকায় কার্যবিবরণী দৃষ্টিকরণ হয়।	
২.	'চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন' শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি	'চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন' শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, চট্টগ্রাম ও চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউটের সদস্য-সচিব জনাব মোঃ রিয়াজ উদ্দিন জানান, যে- ক) সবগুলো সার্ভিস পাইল অর্থাৎ ৯৩২ টি সার্ভিস পাইল বসানো শেষ হয়েছে। বর্তমানে সার্ভিস পাইলের কেপ ভেঙে সিসি ঢালাই করা এবং মাটি খননের কাজ চলছে। খ) প্রকল্প পরিচালকের জন্য অফিস ভাড়া ও ড্রাইভার নিয়োগের বিষয়ে আলোচনা হয়। গ) বর্তমান ভবনের ভাড়া পরিশোধ বিষয়ে আলোচনা হয়।	ক) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করতে হবে। খ) ডিপিপি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। গ) যেহেতু সাবেক প্রকল্প পরিচালক বর্তমান প্রকল্প পরিচালকের নিকট সকল দায়িত্ব হস্তান্তর করেছেন সেহেতু দায়িত্বপ্রাপ্ত বর্তমান প্রকল্প পরিচালক সকল কার্যক্রম পরিচালনা করবেন।	প্রকল্প পরিচালক 'চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন' শীর্ষক প্রকল্প।
৩.	'অনলাইনে গণগ্রন্থাগার-সমূহের ব্যবস্থাপনা ও উন্নয়ন' শীর্ষক প্রকল্প	'অনলাইনে গণগ্রন্থাগার-সমূহের ব্যবস্থাপনা ও উন্নয়ন' শীর্ষক প্রকল্পের পরিচালক জনাব মোহাম্মদ জিল্লুর রহমান প্রকল্পের অগ্রগতি সম্পর্কে নিম্নোক্ত তথ্যাবলি উপস্থাপন করেন: ক) 'অনলাইনে গণগ্রন্থাগার-সমূহের ব্যবস্থাপনা ও উন্নয়ন' প্রকল্পের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। প্রকল্পের কাজ প্রায় ৮৮.০০% সম্পন্ন হয়েছে। খ) পুস্তক ডাটা এন্ট্রির কাজ ৭২.০০ % সম্পন্ন হয়েছে। গ) ডিজিটাইজেশনের কাজ ৯৫% সম্পন্ন হয়েছে। ঘ) ১,৩১,৭৬৫ টি পুস্তকের ডাটা এন্ট্রি হয়েছে। ঙ) ড্রাম্যামাণ লাইব্রেরির পুস্তক সরবরাহ সাপেক্ষে এন্ট্রি করা হবে।	ক) 'অনলাইনে গণগ্রন্থাগার-সমূহের ব্যবস্থাপনা ও উন্নয়ন' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের গতি অব্যাহত রাখতে হবে। খ) পুস্তক ডাটা এন্ট্রির কাজ দ্রুত এগিয়ে নিতে হবে। গ) ডিজিটাইজেশনের কাজ দ্রুত এগিয়ে নিতে হবে।	প্রকল্প পরিচালক 'অনলাইনে গণগ্রন্থাগারসমূহের ব্যবস্থাপনা ও উন্নয়ন' শীর্ষক প্রকল্প

